

## শিক্ষাঙ্গন

### মাদ্রাসা শিক্ষার গুরুত্ব

বর্তমানে ইসলামী শিক্ষার প্রতি সরকার অধিক গুরুত্ব দিয়েছেন। মাদ্রাসা শিক্ষা বর্তমানে আর অবহেলিত নয়। বর্তমানে মাদ্রাসার ছাত্র সংখ্যা দিন দিন বাড়ছে। বিশ্বের দ্বিতীয় মুসলিম রাষ্ট্র হিসেবে এটা গৌরবের বিষয়। বর্তমানে দাখিলকে এস, এস, সি, আলেককে এইচ, এস, সি এবং ফাজেলকে ডিগ্রী পর্যায়ের মান দেয়া হয়েছে। এতো সুযোগ থাকার পরও মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় এখনো নানাবিধ সমস্যা রয়ে গেছে। বিশেষ করে ঠিক সময়ে সিলেবাস না পাওয়া এবং বাজারে একই বিষয়ের বিভিন্ন লেখকের বিভিন্ন বই মাদ্রাসার পাঠ্যসূচীতে অন্তর্ভুক্ত থাকায় ছাত্রদের অসুবিধার সম্মুখীন হতে হয়। বর্তমানে দাখিল ১০ম শ্রেণীর 'আদব-ই-আল মোস্তাখাবল আরাবিয়া' কিতাবটি নিয়ে

ছাত্রদের সমস্যায় পড়তে হয়েছে। অপ্রত্যাশিতভাবে ছাত্রদের মধ্যে এই কিতাবটি উপস্থাপিত করা হয়েছে, যে কিতাবের আরবী এবারত অনেকে পড়তে পারে না। এতে ছাত্রদের জ্ঞান লাভের উৎসাহ নিঃসন্দেহে কমে যাবে। অপরদিকে দাখিল পঞ্চম শ্রেণীর গণিতের প্রতি লক্ষ্য করলে দেখা যায় যে, তাদের গণিতটা এইচ, এস, সি'র গণিতের সাথে প্রায় সামঞ্জস্যপূর্ণ। এখানে লক্ষণীয় যে দাখিল পঞ্চম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের এইচ, এস, সি, মানের বই পাঠ্য করে তাদেরকে প্রকৃতপক্ষে জ্ঞানের আলো থেকে দূরে ঠেলে দেয়া হয়েছে। কারণ এটি সহজেই অনুমেয়, যার বহন করার ক্ষমতা এক মণ, তার কাছে পাঁচ মণ বোঝা চাপালে সে কি তা বহন করতে পারে? মাত্র অল্প কিছুদিন হলো আলিম

শ্রেণীর পাঠ্যসূচী প্রকাশ করা হয়েছে। এতে আলিম কেন্দ্রীয় পরীক্ষায় ফিকাহ ১ম, ২য় পত্র, ইতিহাস এবং অর্থনীতিতে ১০টি করে প্রশ্নোত্তর দেয়া বাধ্যতামূলক করা হয়েছে। আমাদের ক্ষুদ্র জ্ঞানে অনুভব করতে পারছি না, কিভাবে আলিম শ্রেণীর কেন্দ্রীয় পরীক্ষায় দশ-দশটি প্রশ্নোত্তর লেখা সম্ভব? ফিকাহ-র কথা না হয় বাদই দেয়া যাকঃ ইতিহাস এবং অর্থনীতিতে দশটি প্রশ্নোত্তর ৩ ঘন্টায় শেষ করা সম্ভব কিনা তা ভেবে দেখার বিষয়।

আরেকটি কথা পত্র-পত্রিকায় বহু লেখা হয়েছে। তাহলো, "মাদ্রাসা বৃত্তি প্রদান"। এ বৃত্তি দেখে মনে হয় যেন মাদ্রাসার ছাত্রদের করুণার চোখে দেখা হয়। গত কিছুদিন পূর্বে দৈনিক ইনকিলাবের "শিক্ষাঙ্গন" কলামে অধ্যাপক মোঃ আবদুল মতিন

লিখেছিলেন, "মাদ্রাসার—ছাত্রদের ছদকা মার্কা বৃত্তি প্রদান করা হয়। কথাটা একেবারে মিথ্যা নয়। যদি কারো বিবেচনা করার ক্ষমতা থাকে তবে এটা নিশ্চয়ই অনুধাবন করতে পারবেন যে, স্কুল-কলেজের ছাত্রদের তুলনায় মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের অধিক পড়াশুনা করতে হয়। এত পরিশ্রম করার পরও তারা এত অবহেলিত কেন? কর্তৃপক্ষের নিকট আবেদন, মাদ্রাসা শিক্ষা ক্ষেত্রে ছাত্রদের যেসব সমস্যার কথা তুলে ধরা হলো তা আশু সমাধানকল্পে বোর্ড কর্তৃপক্ষ সুদৃষ্টি দেবেন। বিশেষ করে, আলিম শ্রেণীর ফিকাহ ১ম এবং ২য় পত্র, ইতিহাস এবং অর্থনীতির দশটি উত্তর বাধ্যতামূলক না করে সার্বজনীন মতামত গ্রহণ করার জন্য আবেদন জনাচ্ছি।

—মোঃ ফরিদুজ্জামান